

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
(বিআরডিবি)

পল্লী উন্নয়নের সূর্য সারথি

উন্নত পল্লী উন্নত দেশ
বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ

সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক) পরিচালন
ও
কর্মচারী ব্যবস্থাপনা নির্দেশিকা' ২০২৩।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)



পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

Web: www.brdb.gov.bd

১ম অংশ

সূচিপত্র

ক্রঃ নং	বিষয়	পৃষ্ঠা নং
প্রথম পরিচেদ		
১	ভূমিকা	৭
২	সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ	৭
৩	সংজ্ঞা	৮
৪	লক্ষ্য ও উদ্দেশ্য	৯
৫	বাস্তবায়ন পদক্ষেপসমূহ	৯
৬	মানবসম্পদ উন্নয়নের লক্ষ্য অনানুষ্ঠানিক/পল্লী উন্নয়ন দল গঠন	৯
৭	তহবিল গঠন ও তহবিলের উৎস	৯
৮	নিজস্ব পুঁজি গঠন	১০
৯	কৌশল	১০
২য় পরিচেদ		
১০	দল মুণ্ডাইজেশন	১১
১১	অভিষ্ঠ জনগোষ্ঠীকে উন্নুন্দকরণ এবং মানব সংগঠন সৃষ্টি	১১
১২	এলাকা বিন্যাস	১১
১৩	যোগাযোগ	১১
১৪	পর্যবেক্ষণ	১১
১৫	আর্থ-সামাজিক জরীপ	১১
১৬	সদস্য/সদস্যা বাছাই প্রক্রিয়া	১২
১৭	ব্যক্তি পর্যায়ে আলোচনা	১২
১৮	ক্ষুদ্র দলে আলোচনা	১২
১৯	প্রস্তুতিমূলক সাধারণ সভা	১২
২০	১ম আনুষ্ঠানিক বা সাংগঠনিক সভা	১২
২১	কর্মসূচির স্বীকৃতি বা অন্তর্ভুক্তিকরণ	১২
২২	দলে কার্য পরিচালনা বা ব্যবস্থাপনা	১৩
২৩	ব্যবস্থাপনা কমিটি গঠণ	১৩
২৪	ব্যবস্থাপনা কমিটির ক্ষমতা	১৩
২৫	ব্যবস্থাপনা কমিটির প্রধান প্রধান দায়িত্ব ও কর্তব্য	১৩
২৬	পল্লী উন্নয়ন দল সুসংহতকরণ	১৪
২৭	নিক্রিয় ও দুর্বল দল পুনরৱৃত্তিকরণ/গুটিয়ে ফেলার ব্যবস্থাপ্রযোগ	১৪
২৮	অভিষ্ঠ সদস্য পদ বাতিল/বাহিকার	১৪
২৯	মাঠ সংগঠকদের প্রধান প্রধান করণীয়/কৌশল	১৪
৩০	আর্থ-সামাজিক জরীপ	১৪
৩১	উপজেলার দরিদ্রতম এলাকা যথাসম্ভব পাশাপাশি অবস্থানে দল গঠন ও নিয়মতি নিবিঢ় পরিদর্শন	১৫
৩২	দলের স্বীকৃতি প্রদান এবং কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে নিয়ম শৃঙ্খলা ও মাপকাঠির কড়াকড়ি	১৫
৩৩	সহায়ক মাঠ পরিদর্শন নির্দেশিকা যথাযথ বাস্তবায়ন	১৫
৩৪	কর্মসূচির ঋণ পরিচালন নীতিমালার বাস্তবায়ন	১৫
৩৫	দল পরিচালনা ও ব্যবস্থাপনা নীতিমালা বাস্তবায়ন	১৫

৩৬	নিষ্ক্রিয়/অচল দল সচলকরণ	১৫
৩য় পরিচ্ছেদ		
৩৭	মূলধন গঠন	১৯
৩৮	সঞ্চয় জমাকরণ	১৯
৩৯	সদস্যের নথিনি মনোনয়ন	১৯
৪০	সদস্যদের সঞ্চয় উত্তোলন	১৯
৪১	সঞ্চয় সমন্বয়করণ	২০
৪২	সঞ্চয় বাজেয়াঙ্ককরণ	২০
৪৩	সঞ্চয় তহবিল ব্যবহার	২০
৪৪	পাশবহি ইস্যু করণ	২১
৪৫	পাশ বহি লিপিবদ্ধকরণ	২১
৪৬ পরিচ্ছেদ		
৪৬	খণ্ড কার্যক্রম	২৩
৪৭	ভূমিকা	২৩
৪৮	খণ্ড কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য	২৩
৪৯	লক্ষ্যমাত্রা	২৩
৫০	খণ্ড নীতিমালা	২৩
৫১	খণ্ড কৌশল	২৪
৫২	খণ্ড পরিচালন পরিকল্পনা	২৪
৫৩	আয় উৎসারী কর্মকাণ্ডের নাম	২৪
৫৪	খণ্ডের সিলিং বা সর্বোচ্চসীমা	২৪
৫৫	খণ্ড গ্রহণে যোগ্যতা	২৫
৫৬	সমিতি/দল পর্যায়ে যোগ্যতা	২৫
৫৭	খণ্ড পরিকল্পনা প্রণয়ন ও খণ্ড বরাদ্দ প্রস্তাৱ প্ৰেৱণ	২৫
৫৮	খণ্ড আবেদনপত্ৰ প্ৰক্ৰিয়াকৰণ	২৫
৫৯	খণ্ড আবেদনপত্ৰ (সদস্য/দল) পর্যায়ে	২৫
৬০	উপজেলা খণ্ড আবেদনপত্ৰ বাছাই কমিটি (খণ্ড উপ-কমিটি)	২৬
৬১	খণ্ড অনুমোদন কমিটি (উপজেলা পর্যায়)	২৬
৬২	খণ্ড অনুমোদন ও খণ্ড চেক প্ৰদান	২৬
৬৩	খণ্ড সনদপত্ৰ	২৭
৬৪	খণ্ড প্ৰদানেৰ তথ্যাবলী সংৱচ্ছণ	২৭
৬৫	খণ্ড পৱিশোধ	২৭
৬৬	সেবামূল্যেৰ হাৰ ও বিভাজন	২৭
৬৭	সেবামূল্য/সাৰ্ভিস চাৰ্জেৰ ব্যবহার	২৮
৬৮	সেবামূল্য/সাৰ্ভিস চাৰ্জ আদায় পদ্ধতি	২৮
৬৯	খণ্ডেৰ সৰ্বোচ্চ সীমা পৰ্যালোচনা	২৮
৭০	যৌথ কৰ্মকাণ্ড ভিত্তিক খণ্ড (যৌথ খণ্ড)	২৮

৭১	নির্ধারিত সময়ের পূর্বে খণ্ড পরিশোধ	২৮
৭২	দ্বিতীয় প্রদান	২৮
৭৩	খণ্ড আদায় ও পরিশোধ	২৮
৭৪	খণ্ড পরিশোধ নিয়মাবলী	২৯
৭৫	অসঙ্গোবজনক খণ্ড আদায়ের ক্ষেত্রে করণীয়	২৯
৭৬	ইচ্ছাকৃত খেলাপৌর ক্ষেত্রে করণীয়	২৯
৭৭	প্রকৃত অপারগতার ক্ষেত্রে করণীয়	২৯
৭৮	ইজা সংক্রান্ত স্থীকৃতিপত্র গ্রহণ	২৯
৭৯	সংখ্যয় তহবিল হতে খণ্ড বিতরণ	৩০
৮০	খণ্ড তহবিল স্থানান্তর	৩১
	৫ম পরিচ্ছেদ	
৮১	উদ্যোক্তা নির্বাচন	৪৬
৮২	উদ্যোক্তা খণ্ড গ্রহণের যোগ্যতা	৪৬
৮৩	বিনিয়োগের খাতসমূহ	৪৬
৮৪	উপজেলা পঞ্জী উদ্যোক্তা নির্বাচন ও খণ্ড কমিটি	৪৬
৮৫	কমিটির কার্যপরিধি	৪৬
৮৬	উদ্যোক্তা খণ্ডের আবেদন পর্যায়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি	৪৭
৮৭	উদ্যোক্তা খণ্ডের প্রয়োজনীয় জামানতসমূহ	৪৭
৮৮	উদ্যোক্তা খণ্ড বিতরণের ক্ষেত্রে সংখ্যয় জমার হার	৪৭
৮৯	উদ্যোক্তা খণ্ড সীমা	৪৭
৯০	খণ্ডের সেবামূল্য নির্ধারণ	৪৭
৯১	উদ্যোক্তা খণ্ড মञ্জুরীর প্রক্রিয়া	৪৮
৯২	ব্যাংক হিসাবে খণ্ডের অর্থ স্থানান্তর	৪৯
৯৩	উদ্যোক্তা খণ্ড আদায় প্রক্রিয়া	৪৯
৯৪	উদ্যোক্তা খণ্ড আদায়ে করণীয়	৪৯
৯৫	উদ্যোক্তা খণ্ডের নথি সংরক্ষণ	৫০
	৬ষ্ঠ পরিচ্ছেদ	
৯৬	তহবিল ও ব্যাংক হিসাব পরিচালনা	৫৭
৯৭	ভূমিকা	৫৭
৯৮	তহবিলের বিবরণ	৫৭
৯৯	কেন্দ্রীয় আর এল এফ তহবিল	৫৭
১০০	উপজেলা পর্যায়ে তহবিলের বিবরণ	৫৭
১০১	আর এল এফ (আবর্তক খণ্ড তহবিল)	৫৭
১০২	সংগ্রহীত (কালেকশন) তহবিল	৫৭
১০৩	হিসাবে দলিল পত্রাদি এবং বাহি পত্রসমূহ	৫৭
১০৪	দলিল পত্রসমূহ	৫৭
১০৫	দল পর্যায়ে রঞ্জিত বই পত্রের তালিকা	৫৮
১০৬	হিসাব সম্পর্কিত বিষয়ে বিভিন্ন স্তরের কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব	৫৮
১০৭	উপজেলা পঞ্জী উন্নয়ন কর্মকর্তা	৫৮
১০৮	সহকারী পঞ্জী উন্নয়ন কর্মকর্তা	৫৮

১০৯	হিসাব রক্ষক	৫৯
১১০	মাঠ সংগঠক	৫৯
৭ম পরিচ্ছেদ		
১১১	ব্যবস্থাপনা ও সময়	৬১
১১২	কর্মসূচির জনবল কাঠামো	৬১
১১৩	সদাবিক কর্মসূচির নীতি নির্ধারণী কমিটি	৬২
১১৪	কমিটির কার্যপরিধি	৬২
১১৫	কমিটির কাঠামোসমূহ	৬২
১১৬	উপজেলা সময় কমিটির দায়িত্ব	৬২
১১৭	প্রশাসনিক দায়িত্ব বন্টন	৬৩
১১৮	উপপরিচালক (জেলা পর্যায়)	৬৩
১১৯	উপ-সহকারী কর্মসূচি পরিচালক (জেলা পর্যায়)	৬৩-৬৪
১২০	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	৬৪
১২১	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা	৬৪-৬৫
১২২	হিসাবরক্ষক	৬৫
১২৩	মাঠ সংগঠক	৬৫-৬৬
৮ম পরিচ্ছেদ		
১২৪	মাঠ পরিদর্শন	৬৬
১২৫	ভূমিকা	৬৬
১২৬	মাঠ সংগঠক	৬৬
১২৭	সাংগঠিক সভা	৬৬
১২৮	দল সংগঠন ও সুসংহতকরণ	৬৭
১২৯	পল্লী উন্নয়ন দল সুসংহতকরণের জন্য মাঠ সংগঠকের দায়িত্ব	৬৭
১৩০	খণ্ড কার্যক্রম	৬৭
১৩১	খণ্ডের আবেদন ও বিতরণ	৬৭
১৩২	খণ্ড আদায়	৬৭
১৩৩	নিজস্ব পুঁজি গঠনে সংখ্যয় জমা	৬৮
১৩৪	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা	৬৮
১৩৫	মাঠ সংগঠকের ব্যাক আপ হিসাবে ভূমিকা	৬৮
১৩৬	কর্মচারী ব্যবস্থাপনা, উন্নয়ন ও পরিবারীক্ষণ	৬৮
১৩৭	কর্মপরিকল্পনা ও কর্মীদের প্রস্তুতি সম্পর্কে পর্যালোচনা	৬৮
১৩৮	সাংগঠিক সময় সভায় করণীয়	৬৯

১৩৯	বাস্তবায়ন কার্যক্রম	৬৯
১৪০	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	৬৯
১৪১	অমণ/পরিদর্শনের উদ্দেশ্য	৬৯
১৪২	কর্মচারী ব্যবস্থাপনা/উন্নয়ন	৭০
১৪৩	যোগাযোগ/সময়সূচী/সাধন/স্বচ্ছতা রক্ষা	৭০
	৯ম পরিচ্ছেদ	
১৪৪	পরিবীক্ষণ পদ্ধতি	৭০
১৪৫	নিজস্ব পরিবীক্ষণ পদ্ধতি	৭০
১৪৬	মাসিক অহগতির প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ	৭০
১৪৭	বিআরটিবি'র কেন্দ্রীয় এম আই এস পদ্ধতি	৭১
১৪৮	পর্যালোচনা, মূল্যায়ন ও সময়সূচী অনুষ্ঠান	৭১
১৪৯	বিশেষ অধিবেশন/কর্মশালা/সেমিনার অনুষ্ঠান	৭১

ভূমিকা:

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি'তে ১৯৬৫ থেকে ১৯৬৯ পর্যন্ত সময়কালে একটি সারথি প্রকল্প (Pilot Project) হিসেবে সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচির (Integrated Rural Development Programme: IRDP) সফলতা পরিলক্ষিত হয়। স্বাধীনতাত্ত্বের যুদ্ধবিহুস্ত বাংলাদেশে খাদ্য নিরাপত্তা, জনসংখ্যা সমস্যা এবং নিজস্ব পুঁজির অভাব এই তিনটি সমস্যার সমাধানে আইআরডিপি সক্রিয় ভূমিকা পালন করে। পল্লী এলাকার জনগণকে সংগঠিত ও প্রশিক্ষণের মাধ্যমে অধিক খাদ্য উৎপাদন, আধুনিক কৃষি পদ্ধতির সম্প্রসারণ, উন্নত কৃষি ব্যবস্থাপনা, কৃষি পণ্যের বাজারজাতকরণ, আধুনিক সেচ ব্যবস্থার সম্প্রসারণ প্রভৃতির মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পল্লী অঞ্চলের কর্মসংস্থান সৃজন করার লক্ষ্যে প্রথ্যাত সমাজ বিজ্ঞানী ড. আখতার হামিদ খাঁম কর্তৃক উন্নতিবিত ‘কুমিল্লা মডেল’ বা “দ্বি-স্তর সমবায় ব্যবস্থা” যা সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি (আইআরডিপি) নামে সেবাদানকারী কর্মসূচি হিসেবে পরীক্ষামূলকভাবে চালু করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচির সফলতার প্রেক্ষাপটে পল্লী উন্নয়নের হাতিয়ার হিসেবে ১৯৭২ সালে সারা দেশে সম্প্রসারিত করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সরকার কর্তৃক গৃহীত পঞ্চবার্ষিক পরিকল্পনায় আইআরডিপি এর বিশাল অবদানের স্বীকৃতি এবং পল্লী উন্নয়ন ও দারিদ্র্য দূরীকরণে Strategy হিসেবে ব্যাপক কর্মসূচীতে অর্থ বরাদ্দ করা হয়। ফলে সদ্য স্বাধীন বাংলাদেশে এর কার্যক্রম বিশেষণত: গ্রামীণ সংগঠন সৃষ্টি, নেতৃত্বের বিকাশ, কৃষির আধুনিকায়ন, উৎপাদন বৃদ্ধি, দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন এবং নিজস্ব সঞ্চয় জমার মাধ্যমে পুঁজি গঠন করে ক্ষুদ্র ঋণের ভিত্তি রচনায় ব্যাপক সফলতা অর্জন করে। পরবর্তীকালে সমবায় আন্দোলন স্থিমিত হয়ে পড়ে। ফলে বিআরডিবি সমবায় সমিতির পাশাপাশি গ্রাম পর্যায়ে অনানুষ্ঠানিক দল গঠনের মাধ্যমে পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করে কার্যক্রম পরিচালনা করতে থাকে। এরই ধারাবাহিকতায় ১৯৯২ সালে প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কর্মসূচি (ব্যানপিএইচসি), ১৯৯৩ সালে মহিলা বিভাগীয় কেন্দ্রীয় উন্নয়ন সমিতি (মবিকেউস), ২০০০ সালে দূর্যোগপূর্ণ এলাকায় দারিদ্র্য বিমোচনকল্পে বিশেষ বহুমুখী উন্নয়ন কর্মসূচি (দুএদাবি), ১৯৯৩ সালে VCDP যা পরবর্তীতে দুষ্ট পরিবার উন্নয়ন সমিতি (দুপট্স) কর্মসূচি হিসেবে গ্রহণ করা হয়। ২০০৪ সালে সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি [২০০৩-২০০৪ সালে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড সরকারের রাজস্ব বাজেটের আওতায় ৩টি কর্মসূচি গ্রহণ করে যথা: (ক) ক্ষুদ্র কৃষক ও বর্গাচারী উন্নয়ন কর্মসূচি, (খ) সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি ও (গ) দারিদ্র্য বিমোচনে মহিলাদের আত্মকর্মসংস্থান কর্মসূচি। কর্মসূচি ৩টির মেয়াদ জুন/২০০৬ শেষ হলে কর্মসূচি ৩টির মূল লক্ষ্য ও উদ্দেশ্য এক ও অভিন্ন হওয়ায় বিআরডিবি'র পরিচালনা পর্ষদের ৪১তম সভায় ০৩টি কর্মসূচিকে একীভূত করে সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক) নামে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করে], ২০০৪ সালে গ্রামীণ মহিলাদের জন্য উৎপাদনমূখী কর্মসংস্থান কর্মসূচি (গ্রামটক) এবং ২০০৭ সালে গ্রামীণ মহিলাদের জন্য উৎপাদনমূখী কর্মসংস্থান ও সচেতনতা বৃদ্ধি কর্মসূচি (গ্রামটকসক) গ্রহণ করা হয়। বিআরডিবি'র পূর্বতন প্রকল্প/নিজস্ব কর্মসূচিগুলোর সুফলভোগীদের জীবিকায়নচক্র এবং ঋণের সেবামূল্য হতে মাঠকর্মীদের বেতন-ভাতা অব্যাহত রাখা, এসকল কর্মসূচিকে সীমিত বা একীকরণ এবং কর্মসূচির অনুকূলে বর্ধিত ঋণ তহবিলের বরাদ্দও একান্ত প্রয়োজন মর্মে প্রতীয়মান হওয়ায় বিআরডিবি এর পরিচালনা পর্ষদের গত ০৪/০২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৫০তম সভায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন ১৩টি প্রকল্প/কর্মসূচি একীভূত করে সরেজমিন বিভাগের অধীন কার্যক্রম পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে ১৩টি প্রকল্প/কর্মসূচির মধ্যে প্রাথমিকভাবে ০৭টি কর্মসূচি যথাক্রমে: ১। সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক), ২। মহিলা বিভাগীয় কেন্দ্রীয় উন্নয়ন সমিতি (মবিকেউস), ৩। গ্রামীণ মহিলাদের জন্য উৎপাদনমূখী কর্মসংস্থান ও সচেতনতা বৃদ্ধি কর্মসূচি (গ্রামটকসক), ৪। গ্রামীণ মহিলাদের জন্য উৎপাদনমূখী কর্মসংস্থান কর্মসূচি (গ্রামটক), ৫। দুষ্ট পরিবার উন্নয়ন সমিতি (দুপট্স), ৬। দূর্যোগপূর্ণ এলাকায় দারিদ্র্য বিমোচনকল্পে বিশেষ বহুমুখী উন্নয়ন কর্মসূচি (দুএদাবি) ও ৭। প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কর্মসূচি (ব্যানপিএইচসি) একীভূত করে “সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক)” নামে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং যেহেতু এ সকল কর্মসূচীতে বিনিয়োগকৃত অর্থের নিরাপত্তা নিশ্চিত করা, সম্পদের দেখভাল, সেবামূল্যের ভিন্নতা একীকরণ, কর্মরত জনবলের বেতন ভাতা প্রদান, সার্ভিস ডেলিভারী, পরিচালন ও তদারকী এবং কর্মচারী ব্যবস্থাপনা সময়োপযোগী করা সমীচীন ও প্রয়োজনীয়; সেহেতু এতদ্বারা নিম্নরূপ নির্দেশিকা প্রণয়ন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ:

- ক) এই নির্দেশিকা “সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক) পরিচালন ও কর্মচারী ব্যবস্থাপনা নির্দেশিকা'২০২৩” নামে অভিহিত হইবে;
- খ) এই নির্দেশিকা অবিলম্বে কার্যকর হইবে।

গ) এই নির্দেশিকা “সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক)”, বিআরডিবি এর সকল সার্বক্ষণিক কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে। তবে সরকার বা বিআরডিবি হইতে প্রেষণে নিয়োজিত বা চুক্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে নির্দেশিকার কোন কিছুই প্রযোজ্য হইবে না;

সংজ্ঞা: বিষয় বা প্রসংগের পরিপন্থি কোন কিছু না থাকিলে এই নির্দেশিকায়-

- (ক) সমন্বিত দারিদ্র্যবিমোচন কর্মসূচি (সদাবিক) অর্থ “সমন্বিত দারিদ্র্যবিমোচন কর্মসূচি (সদাবিক)” বলিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালনাধীন “সমন্বিত দারিদ্র্যবিমোচন কর্মসূচি (সদাবিক)” কর্মসূচি-কে বুঝাইবে।
- (খ) সদাবিক-বিআরডিবি অর্থ “সদাবিক- বিআরডিবি” বলিতে সদাবিক কর্তৃক সৃজিত, পরিচালিত, সমর্থিত এবং সদাবিক এর মাধ্যমে বস্তুগত, সম্পত্তিগত বা আর্থিক সহায়তা প্রাপ্ত এবং সদাবিক এর অধীনে পরিচালিত উপজেলা, জেলা ও সদর দপ্তরকে বুঝাইবে;
- (গ) উপর্যুক্ত কর্তৃপক্ষ অর্থ “উপর্যুক্ত কর্তৃপক্ষ” বলিতে এই নির্দেশিকার অধীনে কোন নির্দিষ্ট কার্য নিষ্পত্তির জন্য উপর্যুক্ত কর্তৃপক্ষ হিসাবে বিআরডিবি কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে;
- (ঘ) বৎসর অর্থ “বৎসর” বলিতে ইংরেজি দিন পঞ্জিকাতে ১ জানুয়ারি হইতে ৩১ ডিসেম্বর এই ১২ মাস সময়কে বুঝাইবে;
- (ঙ) আর্থিক বৎসর অর্থ “আর্থিক বৎসর” বলিতে এক বৎসরের ১ জুলাই হইতে পরবর্তী বৎসরের ৩০ জুন সময়কে বুঝাইবে;
- (চ) নিয়ন্ত্রণকারী কর্মকর্তা অর্থ “নিয়ন্ত্রণকারী কর্মকর্তা” বলিতে বিআরডিবি কর্তৃপক্ষকে বুঝাইবে। সদাবিক এর কর্মচারীদের প্রশাসনিক, আর্থিক এবং পরিচালন ও তদারককারীকে বুঝাইবে;
- (ছ) সঞ্চয় অর্থ “সঞ্চয়” বলিতে সমিতি/দলের সুফলভোগী সদস্য কর্তৃক জমাকৃত সঞ্চয়কে বুঝাইবে;
- (খ) অর্জিত আয় অর্থ “অর্জিত আয়” বলিতে আদায়কৃত সেবামূল্য হইতে বেতন বাবদ চিহ্নিত আয়ের অংশের মধ্যে যেটুকু আয় সংশ্লিষ্ট কর্মচারী বেতন বাবদ অর্জন করিয়াছে তাহাকে বুঝাইবে (কোন প্রকার অনুদান বা সহায়তা কোন কর্মচারীর অর্জিত আয়ের অন্তর্ভুক্ত হইবে না, যদি কর্তৃপক্ষ অনুরূপ কোন আদেশ প্রদান না করিয়া থাকেন)। এছাড়া কোন স্থাপনা হতে আয়ও অর্জিত আয় হিসেবে গণ্য হইবে ;
- ধ) দায়মুক্ত তহবিল অর্থ “দায়মুক্ত তহবিল” বলিতে কর্মসূচির নিকট জমাকৃত দায়বিহীন সকল প্রকার নগদ তহবিল, আদায়কৃত সেবামূল্যের অব্যয়িত অংশ, বাজেয়াঙ্গ/অব্যয়িত কমিশনের অংশ, কু-খণ্ড তহবিলের উদ্বৃত্তাংশ এবং অন্যান্য বিনিয়োগ (যদি থাকে যেমন: সদস্যদের সঞ্চয়ের উপর সুদ প্রদানের পর অবশিষ্ট উদ্বৃত্তাংশ) হইতে প্রাপ্ত আয় ও প্রাপ্ত ব্যাংক সুদের (স্থায়ী আমানতসহ অন্যান্য ব্যাংক আমানতের বিপরীতে প্রাপ্ত সুদ) অব্যয়িত অংশকে বুঝাইবে।
- ন) মাঠ সংগঠক অর্থ “সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক)’তে স্থানান্তরিত সকল মাঠ সংগঠক ও মাঠসহকারীগণ মাঠ সংগঠক হিসেবে পরিচিতি লাভ করিবেন।
- প) তহবিল অর্থ নির্দেশিকার ১.২.২ নং অনুচ্ছেদে বর্ণিত তহবিল।
- ফ) পল্লী উন্নয়ন দল অর্থ অনানুষ্ঠানিকভাবে সমন্বিত দারিদ্র্যবিমোচন কর্মসূচি (সদাবিক) এর আওতায় গঠিত মানব সংগঠনকে বুঝাইবে, যা পল্লী উন্নয়ন দল হিসেবে স্বীকৃতি লাভ করিবে।
- ব) অফিস সহায়ক অর্থ দুষ্ট পরিবার উন্নয়ন সমিতি (দুপটস) ও সদাবিক হতে সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক)’তে স্থানান্তরিত সকল অফিস সহায়কে বুঝাইবে।
- ভ) স্থানান্তর অর্থ নির্দেশিকায় উল্লিখিত প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কর্মসূচি (ব্যানপিএইচসি), মহিলা বিভাগীয় কেন্দ্রীয় উন্নয়ন সমিতি (মবিকেউস), দুর্যোগপূর্ণ এলাকায় দারিদ্র্য বিমোচনকল্পে বিশেষ বহুমুখী উন্নয়ন কর্মসূচি (দুএদাবি), দুষ্ট পরিবার উন্নয়ন সমিতি (দুপটস), গ্রামীণ মহিলাদের জন্য উৎপাদনমূল্যী কর্মসংস্থান কর্মসূচি (গ্রামটক), গ্রামীণ মহিলাদের জন্য উৎপাদনমূল্যী কর্মসংস্থান ও সচেতনতা বৃদ্ধি কর্মসূচি (গ্রামটকসক) এবং দারিদ্র্য মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প হইতে সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক)’তে স্থানান্তরিত জনবল, খণ্ড তহবিল, সদস্যদের জমাকৃত সঞ্চয়, ডকুমেন্টসমূহ, ব্যাংক হিসাবসমূহ, স্থায়ী ও অস্থায়ী সম্পদ ইত্যাদি স্থানান্তরকে বুঝাইবে।

১ম পরিচ্ছেদ

কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য

১। ভূমিকাঃ

বাংলাদেশে দারিদ্র্যের হার বিশ্বের মোট দারিদ্র্যের ৫% এবং দারিদ্র্যের ঘনত্ব বিশ্বের জনসংখ্যার ২%। দারিদ্র্যের কারণসমূহের মধ্যে বেকারত্ব অন্যতম। দারিদ্র্যবিমোচন বর্তমান সরকারের মূল লক্ষ্য। দারিদ্র্য বিমোচনের লক্ষ্য রাজস্ব বাজেটের আওতায় এ কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) হাতে নিয়েছে। দেশের ৬৪ টি জেলার ৪৪৯ টি উপজেলায় সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক) এর কার্যক্রম ১লা জুলাই ২০০৬ ইং তারিখ থেকে শুরু করা হয়। সর্বশেষ বিআরডিবি এর পরিচালনা পর্যবেক্ষণ গত ০৪/০২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৫০তম সভায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন ১৩টি প্রকল্প/কর্মসূচি একীভূত করে সরেজমিন বিভাগের অধীন কার্যক্রম পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলে ৭টি কর্মসূচি একীভূত করে “সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক)” নামে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

১.২ লক্ষ্য ও উদ্দেশ্যঃ

পল্লী এলাকার বিভিন্ন জনগোষ্ঠীকে (পুরুষ ও মহিলা) অনানুষ্ঠানিক দলভুক্ত করে আত্মকর্মসংস্থান সৃষ্টি, জীবন যাত্রার গুরুত্বমান উন্নয়ন, প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট জমার মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডভিত্তিক খণ্ড কার্যক্রম পরিচালনা, মানব সম্পদ উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, মহিলাদের সচেতনতা বৃদ্ধি ও ক্ষমতায়নের সুযোগ সৃষ্টি কর্মসূচির মূল উদ্দেশ্য। তাছাড়া বিআরডিবি'র বাস্তবায়নাধীন দারিদ্র্য বিমোচন প্রকল্পসমূহ সমাপ্তির পর অভিষ্ঠ জনগোষ্ঠীর মধ্যে ধারাবাহিক সেবা প্রদান নিশ্চিত করার জন্য পর্যায়ক্রমে কর্মসূচিভুক্ত করা ও সমন্বয় সাধনের লক্ষ্যে এ কর্মসূচি পরিচালিত হবে।

১.৩ বাস্তবায়ন পদক্ষেপ সমূহঃ

কর্মসূচির উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জনে নিম্নোক্ত বাস্তবায়ন কৌশল ও পদক্ষেপ নেয়া হবে-

১.২.১ মানব সম্পদ উন্নয়নের লক্ষ্য অনানুষ্ঠানিক/পল্লী উন্নয়ন দল গঠনঃ

মানব সম্পদ উন্নয়নের লক্ষ্য কর্মসূচির আওতায় ৪৪৯টি উপজেলায় সর্বমোট ৩৪,১২৩টি অনানুষ্ঠানিক/পল্লী উন্নয়ন দল গঠন করা হয়েছে এবং অভিষ্ঠ জনগোষ্ঠী মোট ৩,৯৭,৫০৩ জন। কর্মসূচির আওতায় ৪৯৪টি উপজেলায় পর্যায়ক্রমে অনানুষ্ঠানিক/পল্লী উন্নয়ন দল গঠন করা হবে এবং অভিষ্ঠ জনগোষ্ঠীর সংখ্যা সর্বমোট দাঁড়াবে ৪৩৭৩৪২ জনে। প্রতিটি উপজেলায় ১০০টি করে পল্লী উন্নয়ন দল গঠন করা হবে এবং সর্বোচ্চ ১২,৩৫,০০০ জন সদস্য ও সদস্যা অন্তর্ভুক্ত করা হবে। পুরুষ ও মহিলা দলের সংখ্যা হবে ১:১। আর্থ-সামাজিক জরীপের ভিত্তিতে গঠিত প্রতি দলে পাড়াভিত্তিক, সমমনা সদস্য/সদস্যা সংখ্যা থাকবে ১৫-২৫ জন। তবে এলাকার চাহিদা ও প্রাপ্ত স্থানীয় সম্পদের ভিত্তিতে এবং দলীয় অগ্রগতির আলোকে প্রয়োজনে দলের সদস্য সংখ্যা সর্বোচ্চ ৩৫ জন বৃদ্ধি করা হবে।

১.২.২ তহবিল গঠন ও তহবিলের উৎস: সদাবিক কর্মসূচি পরিচালনার জন্য নিম্নোক্ত উৎস হইতে কর্মসূচির তহবিলে জমা হইবে; যথাঃ

- (ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান বা বরাদ্দকৃত বাজেট;
- (খ) কর্মসূচির নিজস্ব স্থাপনাসমূহ হইতে প্রাপ্ত আয়;
- (গ) কর্মসূচির নিজস্ব স্থাবর ও অস্থাবর সম্পত্তি বিক্রি হইতে প্রাপ্ত আয়;
- (ঘ) কর্মসূচির অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত আয়;
- (ঙ) কর্মসূচির সদস্যদের জমাকৃত সঞ্চয় এবং তা বিনিয়োগ করে লভ্যাংশ বিতরণের পর অবশিষ্ট অর্থ;
- (চ) ইউনিসেফ থেকে প্রাপ্ত ঔষধ, চারাগাছ, স্লাবল্যাট্রিন বিক্রয়সহ অন্যান্য বিক্রয় লক্ষ তহবিল;
- (ছ) নিজস্ব তহবিলের আয় (সময়ে সময়ে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক) এবং অন্যান্য উৎস হইতে প্রাপ্ত আয়।

কর্মসূচির অধীন বিভিন্ন আঞ্চ-কর্মসংস্থানমূলক আয়বর্ধক কর্মকাণ্ডে (আইজিএ) গ্রহণ ও পরিচালনার জন্য ক্ষুদ্র ঋণের ব্যবস্থা পূর্ব থেকে রাখা হয়েছে। ৭টি কর্মসূচি একীভূত হওয়ায় এ খাতের অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসেবে মাঠ পর্যায়ে কর্মসূচির সদস্যদের মাঝে বিনিয়োগ হচ্ছে ও হবে। এছাড়া কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কোভিড-১৯ প্রগোদ্ধনা খণ্ড তহবিল (এসএমই) এ কর্মসূচিতে স্থানান্তরপূর্বক খণ্ড তহবিলের সংস্থান করা যেতে পারে। বর্তমানে চলমান এ খণ্ড তহবিল খাতে মোট ২৫৪৩১.৭৫ লক্ষ টাকা নিম্নোক্তভাবে সংস্থান রাখা হয়েছে:

(লক্ষ টাকায়)

কর্মসূচির নাম	প্রাপ্ত তহবিল	প্রবৃদ্ধি	মোট	সংখ্য	কু-খণ্ড
সদাবিক	১৮৪২৫.০০	৫৪৮৮.৮১	২৩৯১৩.৮১	৬৩২০.৮৯	৮৯৮.৫৬
একীভূত কর্মসূচি	৫৯১.৯৮	৮৮০.৮৪	১০৩২.৮২	৪১১.৩৫	৮৭.২৩
ইরেসপো কর্মসূচি	৪৮৫.৫২	-	৪৮৫.৫২	১৩৩.৫৯	৩২.৯০

সর্বমোট	১৯৫০২.৫০	৫৯২৯.২৫	২৫৪৩১.৭৫	৬৮৬৫.৮৩	১০১৮.৬৯
---------	----------	---------	----------	---------	---------

সদস্যদের ক্রমাগত আয় বৃদ্ধি ও স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য খণের অর্থ একক ও যৌথ পর্যায়ে আয় বর্ধনমূলক উপার্জনযুগ্মী কর্মকান্ডের বিপরীতে বিনিয়োগের সংস্থান রাখা হয়েছে।

১.২.৩ নিজস্ব পুঁজি গঠনঃ

নিজস্ব সঞ্চয় জমার মাধ্যমে অভীষ্ঠ জনগোষ্ঠীর পুঁজি গঠন/তহবিল সৃষ্টি কর্মসূচির অন্যতম প্রধান উদ্দেশ্য। সঞ্চয় জমার হার পল্লী উন্নয়ন দলের সদস্য/সদস্যা নিজেরাই স্ব-প্রগোডিতভাবে নির্ধারণ করবেন। তবে প্রতি সপ্তাহে সদস্য/সদস্যা প্রতি বাধ্যতামূলকভাবে ১০.০০ টাকা হারে জমা করার উপর জোর দেয়া হবে। কর্মসূচি বাস্তবায়নে আগামী ১০(দশ) বছরে ৩৯৭৫০৩ জন $\text{সদস্য} \times ১০ \times ৪ \times ১২ \times ১০ = ১৯০৮০.১৪$ লক্ষ টাকা নিজস্ব পুঁজি গঠন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সদস্যদের নিজস্ব পুঁজি খণ তহবিলের ঘাটতি পূরণে সহায়ক পুঁজি হিসেবে সদস্য/সদস্যাদের মাঝে আয় উৎসারী কর্মকান্ডে বিনিয়োগ করা হবে।

১.২.৪ কোশলঃ

- (১) মাঠ সংগঠক নিয়োগে স্থানীয় প্রাচীনদের অগ্রাধিকার প্রদান এবং তাদের মাধ্যমে অভীষ্ঠ জনগোষ্ঠীকে উদ্বৃক্তকরণ।
- (২) দল গঠনের প্রাক পদক্ষেপ হিসেবে আর্থ-সামাজিক জরিপ সম্পাদন ও অভীষ্ঠ জনগোষ্ঠী সনাত্তকরণ (জরিপ ফরম সংযুক্ত)।
- (৩) দলীয় ব্যবস্থাপনার সুবিধার্থে সর্বনিম্ন ১৫ এবং সর্বোচ্চ (বিশেষ ক্ষেত্র ব্যতিত) ২৫ জন সদস্য/সদস্যা সমন্বয়ে পল্লী উন্নয়ন দল গঠন।
- (৪) একই উপজেলার পাড়াভিত্তিক সমমনা প্রতিবেশী আশপাশ এলাকার সদস্য/সদস্যা সমন্বয়ে পল্লী উন্নয়ন দল গঠন।
- (৫) দলের ১ম আনুষ্ঠানিক/সাংগঠনিক সভার দিন/তারিখ হতে পরবর্তী ৪(চার) সপ্তাহ দলীয় কর্মকান্ড পর্যবেক্ষণ এবং কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক প্রতীয়মান দলকে স্বীকৃতি প্রদান (স্বীকৃতি পত্র সংযুক্ত)।
- (৬) নিজস্ব পুঁজি এবং খণকে পরিপূরক ও সহায়ক হিসেবে বিবেচনা করা।
- (৭) পল্লী উন্নয়ন দল পরিচালনার জন্য ৫ সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করা।
- (৮) একক এবং যৌথ পর্যায়ে কর্মকান্ডের বিপরীতে খণ বিনিয়োগ। খণ প্রস্তাব উপজেলা দপ্তরে পৌছানোর ৭ (সাত) কর্মদিবসের মধ্যে খণ আবেদন পত্র যাচাই, চূড়ান্তকরণ, অনুমোদন ও বিতরণ। কোন আপত্তি বা ভুলগ্রুটিতে তাৎক্ষনিকভাবে দল ও মাঠ সংগঠকদের কোন রকম কালক্ষেপন না করে অবহিতকরণ।
- (৯) একক, যৌথ ও পল্লী উন্নয়ন দলের যোগ্যতার ভিত্তিতে খণ প্রদান। সকল পর্যায়ে পূর্ব খণের ১০০% ভাগ সুদাসল পরিশোধিত থাকতে হবে।
- (১০) খণের আদায়কৃত হিসাব মোতাবেক সুদাসল কর্মসূচির উপজেলা পর্যায়ের সংরক্ষিত হিসাবে নিয়মিত জমা করা।
- (১১) কর্মচারী বেতনভাত্তা খণের সেবামূল্য/সার্ভিস চার্জ হিসেবে আদায়কৃত ৭.৫০% প্রদানযোগ্য।
- (১২) সাধারণভাবে সকল খণ ১ (এক) বৎসর বা ১২ মাস মেয়াদী। খণের অর্থ সাপ্তাহিক ভিত্তিতে ১১% সেবামূল্য/সার্ভিস চার্জ সরল সুদে আরোপপূর্বক আসলের সাথে একত্রে আদায় যোগ্য।
- (১৩) আইজিএ বিবেচনায় একক ক্ষেত্রে খণসীমা ১ম বারে সর্বোচ্চ ৩৫,০০০/- টাকা এবং পর্যায়ক্রমে সর্বোচ্চ ১০০০০০/- টাকা।
- (১৪) ৫০ (পঞ্চাশ) টি কিসিতে বিনিয়োগকৃত অর্থ আরোপিত ১১% সেবামূল্য/সার্ভিসচার্জসহ একত্রে আদায়যোগ্য।
- (১৫) মাঠ সংগঠক কর্তৃক ডিলিউসিএস উপজেলা দপ্তরের কর্তৃপক্ষের নিকট দাখিল বাধ্যতামূলক।
- (১৬) কর্মসূচির নিবিড় তদারকী ও সুষ্ঠু বাস্তবায়নকল্পে পরিকল্পিত সাপ্তাহিক ভ্রমণ/পরিদর্শন কর্মসূচি প্রবর্তন।

২য় পরিচ্ছেদ

দল মিলাইজেশন

- ২.১ মিলাইজেশন একটি পর্যায়ক্রমিক ও সার্বক্ষণিক প্রক্রিয়া। গতি এবং ক্রিয়াশীলতায় মিলাইজেশন প্রয়োজন। মানব ও বস্তুগত সম্পদের আহরণ, সন্নিবেশ এবং সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য মিলাইজেশনের উদ্যোগ অনশ্বিকার্য। কর্মসূচির অধীনে মিলাইজেশনের মাধ্যমে প্রধানতঃ নিম্নোক্ত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের প্রচেষ্টা নেয়া হবে-

 - (১) স্থানীয় সম্পদের সমাবেশ ঘটানো এবং ইহার সর্বোত্তম ব্যবহার।
 - (২) জরীপে প্রাপ্ত অভীষ্ঠ জনগোষ্ঠী নিয়ে উদ্বৃক্তকরণের মাধ্যমে তাদের প্রাতিষ্ঠানিক উন্নতি সাধন।

- (৩) নেতৃত্বের বিকাশ ও স্বচ্ছতা বজায়ের মাধ্যমে ব্যবস্থাপনার উন্নয়ন এবং দক্ষতা বৃদ্ধির মাধ্যমে স্ব-কর্মসংস্থানের নিশ্চয়তা বিধান।
- (৪) পল্লীর দরিদ্রতা নিরসনে সমাপ্ত প্রকল্পসমূহ পর্যায়ক্রমে আঞ্চীকরণ এবং অভীষ্ঠ জনগোষ্ঠির মধ্যে প্রকল্পকালীন সময়ের সুবিধাদি স্থিতিশীল ও অব্যাহত রাখা।

এ উদ্দেশ্যে নিম্নোক্ত পদক্ষেপ নেয়া হবে-

- ২.১.১** অভীষ্ঠ জনগোষ্ঠিকে উদ্বৃদ্ধকরণ এবং মানব সংগঠন সৃষ্টি:
মাঠ সংগঠকগণ অভীষ্ঠ জনগোষ্ঠিকে উদ্বৃদ্ধকরণের মুখ্য ভূমিকা পালন করবেন। বিআরডিবি'র জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করবেন। সার্বিক প্রেক্ষিত বিবেচনায় রেখে মাঠ সংগঠক তার নির্দিষ্ট এলাকায় দল গঠন করবেন।
- ২.১.২** এলাকা বিন্যাস:
প্রারম্ভিক পর্যায়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ভোগালিক অবস্থা চিন্তা করে এবং তদীয় দপ্তরের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের পরামর্শ নিয়ে মাঠ সংগঠকদের এলাকা বিন্যাস করবেন। তবে এলাকা বিন্যাস তিনি এমনভাবে করবেন যাতে মাঠ সংগঠকগণ দক্ষতার সাথে কার্যসম্পাদন করতে পারেন এবং সপ্তাহের কার্যদিবসের মধ্যে সকল দল তদারকি করতে পারেন।
- ২.১.৩** যোগাযোগঃ
মাঠ সংগঠকগণ দায়িত্ব প্রাপ্ত এলাকা বিন্যাসের ভিত্তিতে দলগঠনের উদ্যোগ নিবেন। তাকে সবসময় স্মরণ রাখতে হবে, নিজস্ব পরিচিতি যাইহোক না কেন, অভীষ্ঠ জনগোষ্ঠির চিন্তা-চেতনা, মন-মানসিকতায় ইতিবাচক পরিবর্তন এবং প্রচলিত আর্থ-সামাজিক অবস্থার গুণগত পরিবর্তন সাধনে তিনি একজন উন্নয়নকর্মী হিসেবে দায়িত্ব পালন করবেন। তাকে এলাকার আর্থ-সামাজিক অবস্থা ও এলাকাবাসীর আচার-আচরণ, মন-মানসিকতার প্রতি সম্মান দেখিয়ে জন সাধারণের সাথে একাত্ম হয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে এবং নিজেকে গ্রহণযোগ্য করে তুলতে হবে।
- ২.১.৪** পর্যবেক্ষণঃ
নিজেকে গ্রহণযোগ্য করে তুলে মাঠ সংগঠকগণ নিম্নোক্ত দিকগুলো সর্তকতার সাথে পর্যবেক্ষণ করবেন-

 - (১) তাকে এলাকাবাসি কোন দৃষ্টিতে দেখছেন।
 - (২) তাদের আস্থা সৃষ্টি হয়েছে কিনা।
 - (৩) তাদের জীবন ও জীবিকার অন্তরায়/সমস্যাগুলো কি?
 - (৪) তাদের আচার-আচরণ, মন-মানসিকতা সমস্যা সৃষ্টির জন্য দায়ী কিনা।
 - (৫) বিরাজমান সমস্যা সমাধানে কি ব্যবস্থা গ্রহণযোগ্য?
 - (৬) তাদের চাহিদা কি এবং তা পূরণে তারা উদ্যোগী কিনা?
 - (৭) যৌথ বা দলীয়ভাবে সমস্যা সমাধানে আগ্রহী কিনা।

- ২.১.৫** আর্থ সামাজিক জরীপঃ
নিজের গ্রহণযোগ্যতা নিশ্চিত করে একজন মাঠ সংগঠক অভীষ্ঠ জনসাধারণের পরিবারভিত্তিক আর্থ-সামাজিক অবস্থা নিরূপনের জন্য নির্দিষ্ট জরীপ ছকে তথ্য সংগ্রহ করবেন এবং এলাকাভুক্ত বিত্তীন পরিবারগুলোর তালিকা প্রস্তুত করবেন। বিত্তীন পরিবার নির্বাচনে কিংবা সনাক্তকরণে প্রদত্ত শর্তাবলী বিবেচনা করতে হবে। যেমন (ক) এলাকার স্থায়ী বাসিন্দা, (খ) নিজস্ব জমির পরিমাণ বসতবাড়িসহ ০.২০ হেক্টরের নীচে অথবা নিজস্ব সম্পদের মূল্য ০.২০ হেক্টর জমির সমপরিমাণ মূল্যের নীচে, (গ) বয়স ১৮-৫৫ বৎসর, (ঘ) একই ধরণের অন্যকোন প্রকল্প বা প্রতিষ্ঠানের সদস্য নন। উপজেলার ইউনিয়নভিত্তিক বিত্তীন পরিবারের একটি রেজিস্টারে সন্নিবেশিত করতে হবে।
- ২.১.৬** সদস্য/সদস্যা বাছাই প্রক্রিয়াঃ
বিত্তীন পরিবার চিহ্নিত হয়ে গেলে উক্ত পরিবারের ১ (এক) জনকে সদাবিক দলের সদস্য/সদস্যা বাছাই করা যাবে। বাছাই প্রক্রিয়ায় নিম্নোক্ত বিষয়াদি বিবেচ্যঃ

 - (ক) পরিবারের সদস্যদের মধ্যে কে বেশী উদ্যোগী ও দক্ষকর্মী।
 - (খ) কে বেশী কার্যক শৈলী সক্ষম।
 - (গ) পেশা ভিত্তিক দক্ষতা অর্জন করে কে বেশী আয় বাঢ়াতে আগ্রহী।
 - (ঘ) কে বেশী অবহেলিত/নির্যাতিত।
 - (ঙ) মহিলাদের অগ্রাধিকার দিতে হবে। একই পরিবার থেকে মহিলা ও পুরুষ দলে পৃথক পৃথক সদস্য হতে পারবে। তবে সম্পদের সীমাবদ্ধতার জন্য তা নিরুৎসাহিত করতে হবে।

২.১.৭ ব্যক্তি পর্যায়ে আলোচনাঃ

জরীপ এবং সম্ভাব্য সদস্য/সদস্যা সনাক্তকরণ কাজ সম্পন্ন হলে মাঠ সংগঠক অভিষ্ঠ জনগোষ্ঠির সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ গড়ে তুলবেন। তাদের সাথে আলোচনাকালে কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে অবহিত করবেন। এ অবস্থায় প্রেক্ষিত বুঝে কৌশল প্রয়োগ করতে হবে।

২.১.৯ প্রস্তুতিমূলক সাধারণ সভাঃ

ইতোমধ্যে যাদের আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে জরীপ করা হয়েছে এবং প্রাথমিক পর্যায়ে ব্যক্তিগত ও ক্ষুদ্রাকারে দলীয় আলোচনা সম্পন্ন করা হয়েছে তাদেরকে নিয়ে মূলতঃ এখরনের সভা করতে হবে। এ সভায় মাঠ সংগঠক অভিষ্ঠ দলের সমস্যাবলী, সমাধানের পথ ও প্রক্রিয়া, বিশেষ করে সংগঠনের প্রয়োজনীয়তা সম্পর্কে সকলকে স্বচ্ছ ধারণা দিবেন। আলোচনা শেষে সম্ভাব্যক্ষেত্রে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হবে-

- (ক) দল গঠনে ইচ্ছুকদের নাম লিপিবদ্ধ করা।
- (খ) ১ম আনুষ্ঠানিক সভার দিন, তারিখ ও সময় নির্ধারণ।

২.১.১০ ১ম আনুষ্ঠানিক / সাংগঠনিক সভাঃ

প্রস্তুতিমূলক সভার শেষে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাধারণ) ও সংশ্লিষ্ট মাঠ সংগঠক আনুষ্ঠানিকভাবে সদস্য/সদস্যাভিত্তিক জরীপে প্রাপ্ত তথ্য এবং পরবর্তী সকল আলাপ আলোচনার অভিজ্ঞতার ভিত্তিতে দল গঠনে ইচ্ছুক সদস্য তালিকা থেকে সদস্য বাছাই করবেন এবং নির্ধারিত তারিখ মোতাবেক তাদেরকে নিয়ে আনুষ্ঠানিক/সাংগঠনিক সভা করবেন। দলীয় লক্ষ্য ও আদর্শ বিশ্লেষণ ছাড়াও এ সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হবে-

- (ক) দলের নামকরণ ও কার্য এলাকা নির্ধারণ।
- (খ) সদস্য/সদস্যা চূড়ান্তকরণ।
- (গ) আলোচনা ও সদস্যদের মতামতের ভিত্তিতে পরবর্তী সভার জন্য ১ জন সভাপতি ও ৩(তিনি) মাসের জন্য ১ জন ম্যানেজার ও ৩ জন সদস্য এডহক ভিত্তিতে মনোনয়ন।
- (ঘ) গৃহীত সিদ্ধান্ত নির্দিষ্ট বইতে লিপিবদ্ধকরণ।
- (ঙ) পল্লী উন্নয়ন দলের পক্ষে আর্থিক লেনদেন ও দলিলপত্র স্বাক্ষরের জন্য ক্ষমতা প্রদান।

২.১.১১ কর্মসূচির স্বীকৃতি/অন্তর্ভুক্তিকরণঃ

সংগঠিত দলকে নিম্নোক্ত শর্তাবলীনে কর্মসূচির অন্তর্ভুক্ত করা বা স্বীকৃতি প্রদান করতে হবে।

১ম আনুষ্ঠানিক/সাংগঠনিক সভা অনুষ্ঠানের তারিখ থেকে পরবর্তী ৪(চার) সপ্তাহ দলকে কর্মসূচির পর্যবেক্ষণে রাখতে হবে এবং এ সময়ে দলের সদস্যদের –

- (ক) হাজিরাসহ নিয়মিত সাধারণ সভা অনুষ্ঠান এবং সঞ্চয় জমা নিয়মিত ও সন্তোষজনক হতে হবে।
- (খ) দলীয় আদর্শ ও কর্মসূচির নির্দেশ পালনে সন্তোষজনক অগ্রাধিকার থাকতে হবে। সাফল্যজনক কর্মকাণ্ড নিম্নোক্ত নির্ণয়ক অনুযায়ী মূল্যায়ন করতে হবে-

বিষয়	নির্ণয়ক	নম্বর
(১) নিয়মিত সাধারণ সভা	৪টি	২৫
	২টি	০
(২) সদস্য ভর্তি	২০ জন	২৫
	১০ জন	০
(৩) সঞ্চয় জমা	৪০০ টাকা	২৫
	২০০ টাকা	০
(ক) খাতাপত্র লিখন/সংরক্ষণ	হালনাগাদ আছে	২৫
	হালনাগাদ নাই	০
মোট		১০০

অর্জিত সাফল্য মধ্যম হলে শতকরা হিস্যায় হিসাব করতে হবে।

৮০% নম্বর বা তদুর্ধ প্রাপ্ত দলকে স্বীকৃতি দেয়া হবে। ৮০% এর নীচে প্রাপ্ত দলকে আরো ২(দুই) সপ্তাহ পর্যবেক্ষণে রেখে পুনরায় সুযোগ দেয়া যাবে এবং একই পদ্ধতিতে কর্মকাণ্ডের মূল্যায়ন করা হবে।

২.২ দলের কার্য পরিচালনা ও ব্যবস্থাপনাঃ

কর্মসূচির স্বীকৃতি প্রাপ্তির পর দলের সকল কার্যক্রম নির্ভর করবে দলের কার্য পরিচালনা ও ব্যবস্থাপনা পদ্ধতির উপর। কর্মসূচিভূক্ত দলের ব্যবস্থাপনা পদ্ধতির উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ হচ্ছে-

২.২.১ ব্যবস্থাপনা কমিটি গঠনঃ

দলের কাজকর্ম পরিচালনার জন্য একটি ব্যবস্থাপনা কমিটি থাকবে। দল গঠণের আনুষ্ঠানিক/সাংগঠনিক সভায় ১ জন ম্যানেজার এবং ৩ জন সদস্য এডহক কমিটিতে সদস্য/সদস্যাগণ কর্তৃক মনোনীত হবেন। তাছাড়া এ কমিটির সভা পরিচালনার জন্য ১ জন সভাপতি মনোনীত হবেন। অনুষ্ঠিত সভায় পরবর্তী সভার সভাপতির নাম সদস্য/সদস্যাদের মধ্য হতে সম্মতিক্রমে মনোনীত করা হবে। এ প্রক্রিয়ায় ঘূর্ণায়মান দলের সকলে সভাপতির দায়িত্ব পালন করবেন। তবে কার্যরত কমিটির ম্যানেজার/সদস্যাগণ সভাপতির দায়িত্ব পালন করবেন না।

এডহক কমিটি তাদের ১ম সভায় বাধ্যতামূলকভাবে তাদের মেয়াদকালের মধ্যেই নির্বাচন অনুষ্ঠান আয়োজনের জন্য তারিখ ও তফসীল ঘোষণা করবেন।

২.২.২ ব্যবস্থাপনা কমিটির ক্ষমতাঃ

দল সচল রাখা ও দলের উদ্দেশ্য বাস্তবায়নকল্পে এবং দলের সার্বিক কল্যাণে ব্যবস্থাপনা কমিটি নিম্নোক্ত ক্ষমতা প্রয়োগ করবে-

- (ক) সদস্যভূক্তির আবেদন পর্যালোচনা ও অনুমোদন।
- (খ) নীতিবহির্ভুত কাজের জন্য সদস্যদের জরিমানা, সাময়িক বহিকার, অপসারণ ও সম্পদ বাজেয়াপ্তকরণ প্রভৃতি।
- (গ) নিজস্ব বাধ্যতামূলক পুঁজিগঠন ও তহবিল বিনিয়োগ।
- (ঘ) দলের সম্পদ ও সম্পত্তি (স্থাবর ও অস্থাবর) রক্ষণাবেক্ষণ।
- (ঙ) দলের পাওনা টাকা ও দাবী আদায়ের ব্যবস্থা গ্রহণ কিংবা আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- (চ) দলের ঝণের আবেদনপত্র যাচাই করা, খণ্ড ও অন্যান্য সহায়ক উপকরণ প্রাপ্তিতে সহায়তা করা।
- (ছ) দলের স্বার্থের প্রয়োজনে বিষয়ভিত্তিক সাব-কমিটি গঠণ করে তার দায়িত্ব ও করণীয় নির্ধারণ করা।
- (জ) ঝণের অর্থ আদায় ও জমাকরণ নিশ্চিত করা।
- (ঝ) কর্মসূচি কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য ক্ষমতা প্রভৃতি।

২.২.৩ ব্যবস্থাপনা কমিটির প্রধান প্রধান দায়িত্ব ও কর্তব্যঃ

দলের ব্যবস্থাপনা কমিটি দল পরিচালনা নীতিমালার অধীনে যে সকল দায়িত্ব ও কর্তব্য পালন করবেন, তার প্রধান প্রধান দিকগুলো নিম্নরূপ-

- (ক) আর্থিক লেনদেন সংক্রান্ত সঠিক হিসাব সংরক্ষণ।
- (খ) কর্মসূচির অধীন দক্ষতা ও মানব সম্পদ উন্নয়ন এবং সচেতনতা বৃদ্ধি কার্যক্রমের সফল বাস্তবায়ন।
- (গ) সদস্যদের ঝণের আবেদনপত্র গ্রহণ, বাছাই ও চূড়ান্তকরণ এবং অনুমোদনের জন্য সদাবিকের উপজেলা দপ্তরে প্রেরণ।
- (ঘ) সুষ্ঠু খণ্ড বন্টন, ব্যবহার, আদায় ও খণ্ড পরিশোধ নিশ্চিত করা।
- (ঙ) দলের কাজ তদারকী ও সমষ্টয় সাধন।
- (চ) সদস্যদের পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে উৎপাদনমূল্যী কর্মকাণ্ড নির্ধারণ এবং ঝণের চাহিদা নিরূপণ।
- (ছ) দলের নিয়ম শৃংখলা রক্ষা করা, আইজিএ নির্ভর কর্মকাণ্ড ভিত্তিক আয়ের মাধ্যমে নিজস্ব মূলধন/পুঁজি গঠন ও বিনিয়োগে সদস্য/সদস্যাদের উদ্বৃদ্ধকরণ।
- (জ) দল পরিচালন নীতিমালার আলোকে দলের সাম্প্রাহিক সভা, ব্যবস্থাপনা কমিটির সভা এবং বার্ষিক ও বিশেষ সাধারণ সভা অনুষ্ঠান।
- (ঝ) সদাবিক উপজেলা দপ্তরের সাথে যোগাযোগ রক্ষা এবং প্রয়োজনীয় তথ্য, নির্দেশ/পরামর্শ দলের সদস্য/সদস্যাদের অবহিত করা।
- (ঝঃ) দলের উন্নয়নে উদ্ভুত সমস্যাদি চিহ্নিত করা, সমাধানের ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে উপজেলা দপ্তরকে অবহিত করা।
- (ট) মাঠ সংগঠকদের কাজে সহায়তা দান, নিজেদের মধ্যে আন্তঃসম্পর্ক এবং সম্প্রীতি বজায় রাখা।

২.৩ পল্লী উন্নয়ন দল সুসংহতকরণঃ

কর্মসূচির আওতায় গঠিত যে সব পল্লী উন্নয়ন দল নিয়ম মোতাবেক ভালভাবে কাজ করছে না সে সব দল পুনর্গঠন ও শক্তিশালী কাঠামোতে দাঁড় করানোই সুসংহতকরণের প্রধান উদ্দেশ্য। পল্লী উন্নয়ন দল সুসংহতকরণের জন্য নিম্নোক্ত পদক্ষেপসমূহ গৃহীত হবে-

২.৩.১ নিষ্ক্রিয় ও দুর্বল দল পুনরুজ্জীবিতকরণ/গুটিয়ে ফেলার ব্যবস্থা গ্রহণঃ

কর্মসূচি পরিচালনায় যে সকল দল নিষ্ক্রিয় বা দুর্বল বলে বিবেচিত হবে তার তালিকা তৈরী করে সেগুলো সচল ও শক্তিশালী করার জন্য পুনঃগঠনের ব্যবস্থা নেয়া হবে। কিন্তু প্রচেষ্টা নেওয়া সত্ত্বেও যে সমস্ত দল সক্রিয় হবে না বা সক্রিয় হওয়ার সম্ভাবনা নেই মর্মে প্রতিয়মান হবে সে সব দলগুলোর দায়দেনা চূড়ান্তভাবে নিষ্পত্ত করে কর্মসূচি প্রদত্ত স্বীকৃতি প্রত্যাহারপূর্বক গুটিয়ে ফেলার ব্যবস্থা নেয়া হবে।

২.৩.২ অভীষ্ট সদস্য পদ বাতিল/বহিক্ষারঃ

কর্মসূচিতে অযোগ্য অনভিষ্ট সদস্য/সদস্যাদের অন্তর্ভুক্তি দলের কার্যক্রমে বিষয়ের সৃষ্টি করতে পারে। নিয়ম বর্হভূত কোন কাজ সার্বিক স্বার্থে আঘাতের কারণ হতে পারে। এ রকম পরিস্থিতিতে সদস্যভুক্তির যোগ্যতার মাপকাঠির ভিত্তিতে চিহ্নিত অভীষ্ট এবং দলের স্বার্থে বিষয় সৃষ্টিকারী সদস্য/সদস্যাদেরকে যথাক্রমে সংশোধনের ব্যবস্থা নিতে হবে। ব্যর্থতায় তাদেরকে চূড়ান্তভাবে দল থেকে বাদ দেয়ার ব্যবস্থা নিতে হবে।

২.৪ মাঠ সংগঠকদের প্রধান প্রধান করণীয়/কৌশলঃ

কর্মসূচি বাস্তবায়ন, পুনরুজ্জীবন/পুনৰ্গঠনে মাঠ সংগঠকদের প্রধান প্রধান করণীয়/কৌশলগুলো নিম্নরূপঃ

২.৪.১ আর্থ-সামাজিক জরীপঃ

অভীষ্ট জনগোষ্ঠী সনাত্তকরণে পরিবার/সদস্য ভিত্তিক তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের গুরুত্ব অত্যধিক। কর্মসূচির প্রণীত জরীপ ছকে এমনভাবে তথ্য সংগ্রহ করতে হবে যাতে তা অবাঙ্কিত বা অনভিষ্ট লোকজন দলের সদস্য হিসেবে অনুপ্রবেশের সুযোগ না পায়। জরীপ কাজ যেহেতু বিআরডিবি'র মাঠ সংগঠক/কর্মচারী ও দলের মাঠ সংগঠকগণ পরিচালনা করবেন, সেহেতু এ বিষয়ে তাদেরকে সর্বাধিক সতর্কতা অবলম্বন করতে হবে।

২.৪.২ উপজেলার দরিদ্রতম এলাকা এবং যথাসম্ভব পাশাপাশি অবস্থানে দল গঠন ও নিয়মিত নিবিড় পরিদর্শনঃ

প্রাথমিকভাবে এমনভাবে গ্রাম/এলাকা/পাড়া/মহল্লা নির্বাচন করতে হবে, যেন ভৌগলিকভাবে পাশাপাশি এবং ক্রমশঃ তা পরম্পরের কাছ থেকে সম্প্রসারিত হয়। নিয়মিত নিবিড় পরিদর্শন এবং স্বল্প সময়ে ও সহজভাবে সহায়ক সেবা পৌঁছানোর সুবিধার্থে এ ধরণের সংগঠন কৌশল অবলম্বন করতে হবে। মাঠ সংগঠকদের কর্ম পরিকল্পনায় এ কৌশলের পরিস্ফুটন থাকতে হবে।

২.৪.৩ দলের স্বীকৃতি প্রদান এবং কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে নিয়ম শংখলা ও মাপকাঠির কড়াকড়ি:

দলের ১ম আনুষ্ঠানিক/সাংগঠনিক সভার মাধ্যমে প্রথম মনোনীত কমিটি গঠনের পরবর্তী ৪ সপ্তাহের পর্যবেক্ষণ সময়ের যে বিধান রয়েছে, তা যথাযথভাবে পালন নিশ্চিত করতে হবে। পর্যবেক্ষণ সময়ে দলের করণীয় সম্পর্কে যে বিধান রাখা হয়েছে এবং স্বীকৃতির বিষয়ে যে মাপকাঠি প্রণীত হয়েছে তা কড়াকড়িভাবে প্রয়োগের মাধ্যমে দলকে আনুষ্ঠানিক স্বীকৃতি ও অন্তর্ভুক্তির ব্যবস্থা নিতে হবে।

২.৪.৪ সহায়ক মাঠ পরিদর্শন নির্দেশিকা যথাযথ বাস্তবায়নঃ

মাঠ সংগঠকদের ও কর্মকর্তাদের নিবিড় ও ফলপ্রসূ মাঠ পরিদর্শনের জন্য যে সহায়ক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে তার যথাযথ প্রতিপালন ও পরিকল্পিত এবং নিয়মিত মাঠ পরিদর্শনই কর্মসূচিকে সচল ও গতিশীল রাখার উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে।

২.৪.৫ কর্মসূচির ঋণ পরিচালনা নীতিমালার বাস্তবায়নঃ

উপার্জন ও উৎপাদনমূর্খী কর্মকাণ্ডের বিপরীতে পুঁজি সহায়ক হিসেবে ঋণ সুবিধা প্রদান কর্মসূচির প্রধান কাজ, যার সফল বাস্তবায়নের সাথে দল টিকে থাকার বিষয়টি গভীরভাবে সম্পর্কযুক্ত। তাই ঋণ পরিচালনা নীতিমালার আলোকে ঋণ চাহিদা নিরূপন, বন্টন, ব্যবহার এবং আদায়ের বিষয়ে সকলকে নিরলসভাবে কাজ করতে হবে।

২.৪.৬ দল পরিচালনা ও ব্যবস্থাপনা নীতিমালা বাস্তবায়নঃ

দলের নেতৃত্ব ও ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নের জন্য কর্মসূচি অনুমোদিত 'দল পরিচালন নীতিমালা' থাকবে। গৃহীত এ নীতিমালার আলোকে ব্যবস্থাপনার ক্ষেত্রে বিশেষকরে ব্যবস্থাপনা কমিটি গঠন, কর্মবন্টন, সমন্বয় এবং বিভিন্ন সভানুষ্ঠান নিয়মিত ও যথাযথভাবে সম্পন্ন হয় কিনা সে বিষয়ে মাঠ সংগঠকদের সতর্ক থাকতে হবে। নিয়মিত পরিদর্শনকালে এ সব বিষয়গুলো বাধ্যতামূলক ও কড়াকড়িভাবে তদারকী করতে হবে এবং প্রয়োজনে প্রতিরোধমূলক অথবা সংশোধনমূলক (সেখানে যা প্রযোজ্য) পদক্ষেপ গ্রহণে দলের নেতৃত্বকে পরামর্শ দিতে হবে। দল পরিচালন নীতিমালার ২টি কপি থাকবে। ১টি পঞ্জী উন্নয়ন দলের নথিতে সংরক্ষিত থাকবে এবং অপরটি অফিসের সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত থাকবে।

২.৪.৭ নিষ্ক্রিয়/অচল দল সচলকরণঃ

নিষ্ক্রিয়/অচল দল সচলকরণের লক্ষ্যে মাঠ সংগঠকদের সতর্কতা অবলম্বন করতে হবে। সেজন্য মাঠ সংগঠকগণ –

(ক) নিজস্ব এলাকাধীন নিষ্ক্রিয়/অচল দলের তালিকা প্রণয়ন করবেন।

(খ) দল অচল বা নিষ্ক্রিয় হওয়ার কারণ অনুসন্ধান/চিহ্নিত করবেন।

- (গ) প্রাপ্ত তথ্য দলের সদস্য/সদস্যাদের সাথে বসে আলোচনা/পর্যালোচনা করবেন এবং সমিলিতভাবে সম্ভাব্য উত্তরণের উপায় বের করবেন।
- (ঘ) পরিকল্পিত ও নিয়মমাফিক সাম্প্রাহিক সভা নিয়মিতকরণসহ প্রাসংগিক অন্যান্য কার্যক্রম গ্রহণের মাধ্যমে নিষ্ক্রিয়/অচল দল সচল করার পদক্ষেপ গ্রহণ করবেন। প্রয়োজনে বিআরডিবি'র অন্যান্য কার্যক্রমের সহায়তা এ ব্যাপারে তারা গ্রহণ করতে পারবেন।
কর্মসূচির কর্মকৌশল বাস্তবায়নে মাঠ সংগঠকদের এবং কর্মকর্তাদের মাঝে নিবিড় সংযোগ একটি অপরিহার্য শর্ত হিসেবে কাজ করে। অংশগ্রহণমূলক প্রক্রিয়ায় সমিলিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন এবং নিয়মিত পর্যালোচনা ও মূল্যায়নের মাধ্যমে ভুলগুটি সংশোধনের সময়োপযোগী পদক্ষেপ নিতে হবে।

**সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**

স্বীকৃতি প্রদান পত্র/সনদ

স্বীকৃতি পত্র নং-----

-----উপজেলার-----ইউনিয়নের-----গ্রাম/মহল্লা/পাড়ায় সমন্বিত
দারিদ্র বিমোচন কর্মসূচির আওতায় সংগঠিত----- বিত্তীন (পুরুষ/মহিলা) দলের সংগঠিত হওয়ার পর
পর্যবেক্ষণকালীন সময়ে সার্বিক কার্যক্রম সন্তোষজনক ও নিয়মতান্ত্রিক বিবেচিত হওয়ায় উক্ত দলকে সমন্বিত দারিদ্র
বিমোচন কর্মসূচি'তে অন্তর্ভুক্তির লক্ষ্যে স্বীকৃতি প্রদানপূর্বক ----- তারিখে কর্মসূচির অন্তর্ভুক্ত করা হলো।

স্বাক্ষর:

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
(সীলমোহর)

সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপজেলা-----

জেলা-----

অনানুষ্ঠানিক/পল্লী উন্নয়ন/প্রাক সমবায় দলভূক্ত সদস্য/সদস্যা বাছাইকরণ জরীপ “ছক”

১। পরিবার প্রধান এর নাম-----

পিতা/স্বামীর নাম-----

শিক্ষাগত যোগ্যতা ----- বয়স----- পেশা-----

ধর্ম----- গ্রাম----- ইউনিয়ন-----

বৈবাহিক মর্যাদা (সঠিক স্থানে টিকচিহ্ন দিন): বিবাহিত/অবিবাহিত/বিধবা/তালাক প্রাপ্ত/বিপল্লীক।

২। পরিবারের সদস্য সংখ্যা----- জন, ছেলে----- জন, মেয়ে----- জন,

প্রাপ্ত বয়স্ক----- জন, অপ্রাপ্ত বয়স্ক----- জন।

৩। শিক্ষা সংক্রান্ত তথ্যঃ

(ক) পরিবারের সদস্য গড়তে ও লিখতে পারে----- জন

(খ) শুধু স্বাক্ষরজ্ঞান সম্পর্ক ----- জন

(গ) নিরক্ষর----- জন

(ঘ) স্কুলে লেখাপড়া করে, ছেলে----- জন, মেয়ে----- জন।

৪। নিজস্ব সম্পত্তির বিবরণঃ

(ক) জমি ১) বসতবাড়ির জমির পরিমাণ-----

২) আবাদি জমির পরিমাণ-----

৩) বর্গাজমির পরিমাণ-----

৪) জমির পরিমাণ (পুকুর ও বাগান)-----

(খ) গবাদি পশুঃ ১) গরু-----টি, ২) ছাগল-----টি, ৩) মহিষ-----টি

৪) ভেড়া-----টি, ৫) হাঁস----- টি, ৬) মুরগী----- টি

৭) করুতর-----টি, ৮) অন্যান্য----- টি

(গ) গাছপালাঃ ১) ফলবান বৃক্ষ-----টি, ২) অন্যান্য বৃক্ষ-----টি

(ঘ) বসত বাড়ী (সঠিক স্থানে টিক চিহ্ন দিন): (১) মাটির দেওয়াল ও টিনের ছাউনি (২) বেড়া ও খড়ের ছাউনী (৩) মাটির দেওয়াল ও খড়ের ছাউনী (৪) বেড়া ও টিনের ছাউনী।

৫। পরিবারের আয় :

আয়ের উৎস	গড় আয়		
	দৈনিক	মাসিক	বাঃসরিক
ক) কানিক পরিশ্রম থেকে/মূল পেশা থেকে			
খ) ব্যবসা থেকে			

গ) অন্যান্য উৎস থেকে			
----------------------	--	--	--

- ৬। পরিবারের আনুমানিক বাসসরিক ব্যয়ঃ
(খাদ্য, বস্ত্র, শিক্ষা, চিকিৎসা ও অন্যান্য ব্যয়সহ)----- টাকা।
- ৭। সদস্য/সদস্যার আর্থিক কর্মকাণ্ডে পূর্ব অভিজ্ঞতা আছে কিনা (টিক চিহ্ন দিন): হ্যাঁ/না।
থাকলে কর্মকাণ্ডের বিবরণঃ ক)-----
খ) -----
গ) -----
- ৮। অন্যকোন উন্নয়ন প্রকল্প এবং অর্থ লঘীকারী ব্যক্তি, ব্যাংক, প্রতিষ্ঠান অথবা এনজিও থেকে পূর্বে কোন ঋণ /আর্থিক সহযোগীতা গ্রহণ করেছেন কিনা (টিক চিহ্ন দিন): হ্যাঁ/ না
করে থাকলে কখন ও কোন উদ্দেশ্যে , কোন প্রতিষ্ঠান হতে (উল্লেখ করতে হবে):
গৃহীত ঋণের / আর্থিক সহযোগীতার বর্তমান অবস্থা (উল্লেখ করতে হবে):
বর্তমানে পূর্বের প্রতিষ্ঠানের সাথে জড়িত কিনা (টিক চিহ্ন দিন): হ্যাঁ/ না।
- ৯। পরিবার পরিকল্পনা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, গণশিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্ত সংক্রান্ত:
ক) পরিবার পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা (টিক চিহ্ন দিন): হ্যাঁ/ না।
খ) প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা সুবিধা গ্রহণ করেছেন কিনা (টিক চিহ্ন দিন): হ্যাঁ/ না।
গ) গণশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করেছেন কিনা (টিক চিহ্ন দিন): হ্যাঁ/ না।
ঘ) আইজিএভিক অথবা অন্যকোন বিশেষ প্রশিক্ষণ পেয়েছেন কিনা (টিক চিহ্ন দিনঃ হ্যাঁ/ না।
- ১০। অন্যান্য তথ্যের বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):
ক) -----
খ) -----
গ) -----

আমি প্রতিজ্ঞাপূর্বক স্বীকারোভিত্ব করিতেছি যে, উপরের প্রদত্ত বর্ণনা সঠিক। কোন তথ্য গোপন করি নাই।
মিথ্যা বা গোপন করিলে আমি ব্যক্তিগতভাবে দায়ী থাকিব এবং আমার বিরুদ্ধে আইনানুগ যে কোন ব্যবস্থা
গ্রহণ হইলে তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

তথ্য সংগ্রহকারীর স্বাক্ষর

তথ্য প্রদানকারীর স্বাক্ষর/টিপসহি

তারিখ-

- ১)
২)

তারিখ-

- ১)
২)

৩য় পরিচ্ছেদ

মূলধন গঠন

৩.১. সঞ্চয় জমাকরণ:

সমিতি/দলের পুঁজি গঠনের প্রথম পদক্ষেপ হলো সদস্যদের সাম্প্রাহিক সঞ্চয়। প্রত্যেক সদস্য সাম্প্রাহিক/মাসিক সভায় সঞ্চয় জমা করবেন এবং নিজের ও সমিতি/দলের মূলধন গঠনে অংশগ্রহণ করবেন। সদস্যের সঞ্চয় জমার ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করতে হবে-

- খণ্ডের পরিমাণের উপর ভিত্তি করে মাসিক ব্যক্তিগত সঞ্চয় নিম্নরূপভাবে জমা প্রদান করতে হবে-

ক্ষুদ্র খণ্ডের ক্ষেত্রে	
খণ্ডের পরিমাণ	মাসিক সঞ্চয় জমার পরিমাণ
৩০,০০০ টাকা পর্যন্ত	$৩০*৪=৮০$ টাকা (১.২.৩ অনুচ্ছেদ মোতাবেক)
৩০,০০১ টাকা হতে ৫০,০০০ টাকা পর্যন্ত	$২৫*৪=১০০$ টাকা
৫০,০০১ টাকা হতে ৭৫,০০০ টাকা পর্যন্ত	$৩০*৪=১২০$ টাকা
৭৫,০০১ টাকা হতে ১,০০,০০০ টাকা পর্যন্ত	$৪০*৪=১৬০$ টাকা
১,০০,০০১ টাকা হতে ৫,০০,০০০ টাকা পর্যন্ত	$৫০*৪=২০০$ টাকা
উদ্যোক্তা খণ্ডের ক্ষেত্রে	
১,২৫,০০০ টাকা হতে ২,০০,০০০ টাকা পর্যন্ত	৩০০ টাকা
২,০০,০০১ টাকা হতে ৩,৫০,০০০ টাকা পর্যন্ত	৪০০ টাকা
৩,৫০,০০১ টাকা হতে ৫,০০,০০০ টাকা পর্যন্ত	৫০০ টাকা

- সদস্যের জমাকৃত সঞ্চয়ের অর্থ তার নিজস্ব অর্থ হিসাবে গণ্য হবে'
- প্রত্যেক সদস্যের জমাকৃত সঞ্চয়ের হিসাব তার পাশ বহিতে লিপিবদ্ধ করতে হবে,
- সঞ্চয় জমার ক্ষেত্রে ম্যানেজার/মাঠ সংগঠক সদস্য পাশ বহিতে লিপিবদ্ধ /হালনাগাদ করে স্বাক্ষর দিবেন,
- সদস্যের জমাকৃত সঞ্চয়ের হিসাব সাম্প্রাহিক আদায় সীটসহ সংশ্লিষ্ট অন্যান্য হিসাবের বহিতে সংরক্ষণ করতে হবে,
- জমাকৃত সঞ্চয় প্রকল্পের উপজেলাস্থ ব্যাংক হিসাবে জমা রাখতে হবে,
- সদস্যের জমাকৃত সঞ্চয়ের উপর প্রতি বছর ৩% মুনাফা প্রদান করতে হবে, উল্লেখ্য ব্যাংক রেটের উপর কম বেশি হতে পারে।
- সদস্য তার জমাকৃত সঞ্চয় নির্দিষ্ট নিয়ম অনুসরণ করে উত্তোলন করতে পারবেন।

৩.১.২. সদস্যের নমিনি মনোনয়নঃ

সমিতি/দলের প্রত্যেক সদস্য তার মৃত্যুর পর কর্মসূচি হতে প্রাপ্য আর্থিক ও অন্যান্য সকল সুবিধা গ্রহণের জন্য নির্ধারিত ছকে এক বা একাধিক নমিনি মনোনয়ন করবেন,

- সদস্য ইচ্ছাকরলে যৌক্তিক কারণে যে কোন সময় তার নমিনি মনোনয়ন লিখিতভাবে পরিবর্তন বা বাতিল করতে পারবেন,
- প্রত্যেক সদস্যের মনোনীত নমিনির তালিকা (নমুনা স্বাক্ষরসহ) উপজেলা দপ্তরে সংরক্ষণ করবেন,
- সদস্য বা তার মনোনীত নমিনি উভয়েই মৃত্যুবরণ করলে বা নিরুদ্দেশ হলে সংশ্লিষ্ট সমিতি/দল উক্ত সদস্যের পরিবার হতে দেশের প্রচলিত উত্তরাধিকার আইন অনুযায়ী সদস্যের প্রাপ্য আর্থিক ও অন্যান্য সকল সুবিধা গ্রহণের জন্য মনোনীত করবেন। সমিতি/দল উপযুক্ত মনে করলে যোগ্যতা থাকা স্বাপেক্ষে মনোনীত মহিলা নমিনিকে তার আবেদনের প্রেক্ষিতে সমিতি/দলের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবে।

৩.১.৩. সদস্যের সঞ্চয় উত্তোলনঃ

- কোন সদস্যকে প্রয়োজনে তার জমাকৃত সঞ্চয় উত্তোলন করতে হলে নির্ধারিত আবেদন ফরমে উপজেলা পঞ্জী উন্নয়ন কর্মকর্তা বরাবর লিখিত আবেদন করতে হবে (পরিশিষ্ট-১৬),
- সঞ্চয় উত্তোলণের আবেদন সমিতি/দলের ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদিত হতে হবে ও কার্যবিবরণী বহিতে লিপিবদ্ধ করতে হবে। সে আলোকে সঞ্চয় উত্তোলন আবেদন ফরমে নির্ধারিত স্থানে ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ

স্বাক্ষর প্রদান করবেন। এআরডিও মিজ স্বাক্ষর প্রদানের পূর্বে কার্যবিবরণী বহিতে লিপিবদ্ধ সংশ্লিষ্ট কার্যবিবরণী ঘাঁচাই করে দেখবেন,

- কোন সদস্যের নিকট খণ্ড বকেয়া থাকলে এবং তার জমাকৃত সঞ্চয় যদি বকেয়া খণ্ডের চেয়ে কম হয় তাহলে তাকে সঞ্চয় ফেরত প্রদান করা যাবে না,
- সদস্যকে উপজেলা দপ্তরে এসে প্রয়োজনীয় কাগজপত্রে স্বাক্ষর করে সঞ্চয়ের চেক / অর্থ উত্তোলন/ গ্রহণ করতে হবে,
- সদস্যকে সঞ্চয় ফেরত প্রদানের ক্ষেত্রে সঞ্চয়ের মুনাফাসহ ফেরত প্রদান করতে হবে,
- মৃত সদস্যের সঞ্চয় যথাযথ বিধিবিধান অনুসরণপূর্বক তার মনোনীত নমিনি উত্তোলন করতে পারবেন,
